

কৃষি ও সেচ কমিটির সেপ্টেম্বর/ ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী


সভাপতি : জনাব মোছা: আয়েশা সুলতানা লাকী, মহিলা ভাইস চেয়ারম্যান, জীবননগর উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, তারিখ ও সময় : ২৬/০৯/২০২৩ খ্রিঃ তারিখ, সময়ঃ সকাল-১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আলোচ্য সূচী অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব জনাব শারমিন আক্তার, উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয়।

ক্রম নং	আলোচ্য বিষয়	আলোচনা	সুপারিশ / সিদ্ধান্ত	মন্তব্য/ বিকল্প প্রস্তাব
০১.	বিভাগীয় কার্যক্রম	(ক) বর্তমানে আমন ধান রোপন শেষ হয়েছে। এই মৌসুমে ৬,৪৪৮ হে. জমিতে আমন ধান রোপন করা হয়েছে।	আমন ধানে ব্লাস্ট রোগ দমনের জন্য কৃষকদের পরামর্শ প্রদানের এবং পোকা দমনের জন্য প্রতিরোধক ব্যবস্থা হিসাবে আলোক ফাঁদ স্থাপনের সুপারিশ করা হয়।	
০২.	জৈব বালাইনাশক ব্যবহার করে সবজি ও ফল উৎপাদন	নিরাপদ ও স্বাস্থ্যসম্মত ফল ও সবজি উৎপাদনের জন্য রাসায়নিক বালাইনাশক ব্যবহার না করে জৈববালাইনাশক ফেরোমন ফাঁদ ব্যবহারের মাধ্যমে ফল ও সবজি উৎপাদনের বিষয়ে আলোচনা হয়।	উপজেলা পরিষদের নিকট প্রতি ইউনিয়নে ৫০ জন কৃষকের মধ্যে ফেরোমন ফাঁদ বিতরণের জন্য সুপারিশ করা হয়।	
০৩.	সার পরিস্থিতি	১৫ অক্টোবর হতে রবি মৌসুম শুরু হতে যাচ্ছে। ভুট্টা, বোরো ধান ও বিভিন্ন সবজি ফসলের আবাদ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। কাজেই সারের চাহিদা পূরণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।	অতিরিক্ত বরাদ্দের চাহিদা প্রেরণের সুপারিশ করা হয়।	
০৪.	কৃষি তথ্য ও সেবা কেন্দ্র স্থাপন	প্রত্যেক ইউনিয়ন পরিষদে কৃষকদের প্রয়োজনীয় তথ্য ও সেবা প্রদানের উদ্দেশ্যে উপসহকারী কৃষি কর্মকর্তাদের একটি করে কক্ষ এবং কিছু আসবাবপত্র যেমন একটি টেবিল এবং কিছু চেয়ার প্রয়োজন।	উপজেলা পরিষদের নিকট যে সব ইউনিয়নে ইউনিয়ন পরিষদ নায সেখানে উপসহকারী কৃষি কর্মকর্তাদের কৃষকের সেবা প্রদানের উদ্দেশ্যে একটি নির্দিষ্ট বসার স্থান এবং আসবাবপত্রের জন্য সুপারিশ করা হয়।	

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোছা: আয়েশা সুলতানা লাকী)

মহিলা ভাইস চেয়ারম্যান
জীবননগর উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা।

ও
সভাপতি
কৃষি ও সেচ কমিটি।

জীবননগর উপজেলা পরিষদ
জেলাঃ চুয়াডাঙ্গা।

নোটিশ

কৃষি ও সেচ বিষয়ক কমিটির সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেপ্টেম্বর/২৩ মাসের উক্ত কমিটির সভা আগামী ২৬/০৯/২০২৩ খ্রি: তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় সভাপতির অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

সভার সভাপতিত্ব করবেন জনাব মোঃ আঃ সালাম, ভাইস চেয়ারম্যান, জীবননগর উপজেলা পরিষদ, জেলাঃ চুয়াডাঙ্গা।

নির্ধারিত তারিখ ও সময়ে কমিটির সম্মানিত সকল সদস্যকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী:

- (১) গত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ
- (২) সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা
- (৩) বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত আলোচনা
- (৪) বিবিধ।

(মোঃ মনিরুজ্জামান)

উপজেলা কৃষি অফিসার
জীবননগর, চুয়াডাঙ্গা

ও

সদস্য সচিব, কৃষি ও সেচ কমিটি





তারিখ- ১৬/০৯/২৩খ্রিঃ

স্মারক সংখ্যা- ৪২২(৪)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- (১) চেয়ারম্যান, জীবননগর উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা।
- (২) উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা।
- (৩)ইউপি চেয়ারম্যান, সদস্য, কৃষি ও সেচ কমিটি, জীবননগর উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা।
- (৪) অফিস নথি।

উপজেলা কৃষি ও সেচ কমিটির সেপ্টেম্বর/২৩ মাসের সভার উপস্থিত সদস্যগণের স্বাক্ষর: পরিশিষ্ট "ক"

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১.	জনাব মোছা: আয়েশা সুলতানা	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, সভাপতি	
০২.	জনাব মো: আ: হান্নান	চেয়ারম্যান, উখলী ইউপি, সদস্য	
০৩.	জনাব মির্জা হাকিবুর রহমান	চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউপি, সদস্য	
০৪.	জনাব মোঃ তাহাজ্জত হোসেন	চেয়ারম্যান, রায়পুর ইউপি, সদস্য	
০৫.	জনাব মো: মনিরুজ্জামান	উপজেলা কৃষি অফিসার, সদস্য সচিব	